গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

সেনবাগ, নোয়াখালী।

www.fisheries.senbug.noakhali.gov.bd

পত্র নং ৩৩.০২.৭৫৮০.৫০১.৩৭.০০১.২০.১৪০(৫) তারিখ : ১৪/০৯/২০২১ খ্রি:

## সভার নোটিশ

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ২য় সভা আগামী ২১/০৯/২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকার সময় কমিটির সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান, সেনবাগ, নোয়াখালী মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

১। মৎস্য বিভাগের ‘মা-ইলিশ সংরক্ষণ অভিযান’ সম্পর্কীত কার্যক্রম।

২। প্রাণিসম্পদ বিভাগের আধুনিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্প বিষয়ক আলোচনা।

৩। বিবিধ।

(মানস মণ্ডল)
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি
সেনবাগ, নোয়াখালী।

প্রাপক :

১। উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি, সেনবাগ, নোয়াখালী।

২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সেনবাগ, নোয়াখালী।

৩। চেয়ারম্যান, ২নং কেশেরপাড়/ ৪নং কাদরা/ ৭নং মোহাম্মদপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি, সেনবাগ, নোয়াখালী।

পত্র নং ৩৩.০২.৭৫৮০.৫০১.৩৭.০০১.২০.১৪০(৫)/১(৫) তারিখ : ১৪/০৯/২০২১ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা মৎস্য/ প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী।

৩। উপজেলা নির্বাহী অফিসার, সেনবাগ, নোয়াখালী।

৪। অফিস নথি।

উপজেলা মৎস্য কর্মকর্তা
সেনবাগ, নোয়াখালী।

<u>(২০২১-২০২২ আর্থিক সালের **২য়** সভা)</u>

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর :

সভাপতি : জনাব মোহাম্মদ গোলাম কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী।

সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, সেনবাগ, নোয়াখালী।

সভার তারিখ : **২১/০৯/২০২১ খ্রি:** রোজ: মঙ্গলবার সময় : সকাল **১০.০০** ঘটিকা

| ক্রমিক নং | নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ গোলাম কবির<br>উপজেলা ভাইস চেয়ারম্যান | | |
| ২। | জনাব বেলাল হোসেন ভূঞা<br>২ নং কেশারপাড় ইউপি | Belal | |
| ৩। | জনাব মো: কামরুজ্জামান<br>৪ নং কাদরা ইউপি | | |
| ৪। | জনাব মো: রুহুল আমিন<br>৭ নং মোহাম্মদপুর ইউপি | | |
| ৫। | জনাব ডাঃ মো: মুজিবুর রহমান<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| ৬। | জনাব মানস মণ্ডল<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | | |

**নোয়াখালী জেলার সেনবাগ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির ২০২১-২২ সালের ২য় সভার কার্যবিবরণী**

সভাপতিঃ **জনাব মোহাম্মদ গোলাম কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী।**
সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, সেনবাগ, নোয়াখালী।
সভার তারিখ : ২১/০৯/২০২১ খ্রি: রোজ: মঙ্গলবার সময় : সকাল ১০.০০ ঘটিকা

অদ্য ২১/০৯/২০২১ খ্রিঃ তারিখ, রোজ মঙ্গলবার, সকাল ১০.০০ ঘটিকায় সেনবাগ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির ২০২১-২০২২ সালের ২য় সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে বলেন, প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ও কর্মসংস্থানে জাতীয় পর্যায়ে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং বিশেষ করে মা ইলিশ সংরক্ষণ ও জাটকা সংরক্ষণে সরকারের গৃহীত কর্মসূচীর ফলে ইলিশের উৎপাদন ও প্রাচুর্যতা বৃদ্ধি পেয়েছে। সভাপতির অনুমতিক্রমে প্রথমে উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। **আলোচ্যসূচীঃ** মৎস্য বিভাগের 'মা-ইলিশ সংরক্ষণ অভিযান' সম্পর্কীত কার্যক্রম।

**আলোচনাঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ৪ হতে ২৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ২২ দিন সময়কাল 'ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১' পরিচালিত হবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের মাধ্যমে এ সময়কালে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। বিস্তারিত আলোচনাক্রমে কোভিড ১৯ বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে কর্মসূচী বাস্তবায়ন কল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ** (ক) পৌরসভাসহ উপজেলাধীন হাট-বাজারগুলোতে নিষিদ্ধ সময়ে যাতে ইলিশ মাছ ক্রয়-বিক্রয়, বাজারজাতকরণ বা বিনিময় হতে না পারে সেজন্য জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ, ব্যানার স্থাপন সহ ব্যাপক প্রচারণা চালাতে হবে।
(খ) ইলিশের প্রধান প্রজনন মৌসুমে (৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর ২০২১ খ্রি: পর্যন্ত ২২ দিন) পৌরসভাসহ উপজেলাধীন হাট-বাজারগুলোতে নিয়মিত পরিদর্শন ও অভিযান পরিচালনা করতে হবে এবং প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। **আলোচ্যসূচীঃ** প্রাণিসম্পদ বিভাগের আধুনিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্প বিষয়ক আলোচনা।
**আলোচনাঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে আধুনিক পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের আওতায় ০২ টি ব্যাচে ২৫ জন করে ৫০ জন খামারীকে গুরু হৃষ্টপুষ্টকরণ নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং এজন্য প্রকল্প হতে ১,২৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়।

**সিদ্ধান্তঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রকৃত গবাদীপশু পালনকারী যেন প্রশিক্ষণ পায় সে বিষয়ে সভাপতি মহোদয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোহাম্মদ গোলাম কবির)**
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

সেনবাগ, নোয়াখালী

পত্র নং ৩৩.০২.৭৫৮০.৫০১.৩৭.০০১.২০.১৫৪(৯) তারিখ : ২২/০৯/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা মৎস্য/প্রাণিসম্পদ কর্মকর্তা, নোয়াখালী।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সেনবাগ, নোয়াখালী।
৪। চেয়ারম্যান, ২ নং কেশারপাড় ইউপি/ ৪ নং কাদরা ইউপি/ ৭ নং মোহাম্মদপুর ইউপি, সেনবাগ, নোয়াখালী।
৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সেনবাগ, নোয়াখালী।
৬। সংশ্লিষ্ট নথি।

(মানস মণ্ডল)
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি
সেনবাগ, নোয়াখালী।